



স্বাগতম

ডেট্রয়েট মেট্রো এরিয়া কমিউনিটিজ স্টাডি-তে স্বাগতম

সিটির ভবিষ্যৎ রূপায়নে সহায়তা করুন

সরকার, অলাভজনক সংস্থা এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলো মহল্লায় অর্থ বিনিয়োগ করে, কমিউনিটির কর্মসূচির অর্থায়ন করে এবং নতুন নতুন আইন বাস্তবায়ন করে। সিটির ভবিষ্যৎ নিয়ে জনগণ যখন সিদ্ধান্ত গ্রহণ করে তখন জনগণ কেমন বোধ করছে তা বোঝা গুরুত্বপূর্ণ। ডেট্রয়েটের সামনে মূল সমস্যাগুলোর উপর মতামত প্রদানের জন্য বিজ্ঞানসম্মতভাবে নির্বাচিত লোকজনের অংশ হওয়ার জন্য আপনাকে আমন্ত্রণ জানান হচ্ছে, যাতে এই সিদ্ধান্তগুলোর পথনির্দেশনায় আপনার সহায়তা পাওয়া যায়।



DETROIT METRO AREA
COMMUNITIES STUDY
UNIVERSITY OF MICHIGAN

আমরা কী করি

ডেট্রয়েটবাসীদের মতামতের সর্বাধিক নির্ভরযোগ্য উৎস



ডেট্রয়েট মেট্রো এরিয়া কমিউনিটিজ স্টাডিস (ডিএমএসিএস) হচ্ছে মিশিগান ইউনিভার্সিটির একটি জরিপ প্রকল্প। কমিউনিটির নেতৃত্বকে সাথে নিয়ে, আমরা বাসিন্দাদের প্রশ্ন করে জেনে নেই যে সিটির বিদ্যমান সমস্যা সম্পর্কে তারা কেমন বোধ করে। গণপরিবহন ব্যবস্থা কেমন কাজ করছে? অপরাধের বিষয়ে আপনি কি উদ্বিগ্ন? আপনি কি আপনার মহল্লার বিষয়ে উৎসাহী?

আমরা আপনার মতামত চাই। কোন উত্তরই ভুল নয়!

সিটিব্যাপী অন্যান্য 2,000 জনের উত্তরের সাথে আমরা আপনার উত্তরের সংমিশ্রণ ঘটাই। এর পর আমরা সিটি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণে ব্যবহারের জন্য সরকারি কর্মকর্তা, অলাভজনক সংস্থাগুলোর নেতৃত্ব এবং অন্যান্যদের কাছ থেকে পাওয়া তথ্য নিয়ে প্রতিবেদন প্রস্তুত করি। আপনার ব্যক্তিগত উত্তর সম্পূর্ণভাবে গোপন রাখা হয়, তবে দেখতে ইচ্ছুক যে-কারো কাছে আমরা জরিপের ফলাফল প্রকাশ করি – আপনিও এর অন্তর্ভুক্ত!

প্যানেলে থাকার উপকারিতা

ডেট্রয়েটের সমৃদ্ধির জন্য এর জনগণের মতামত শুনতে হবে

আপনার মতামতকে আমরা গুরুত্ব দেই

আমরা এই জরিপের ফলাফল সে সকল লোকজন এবং সংস্থার সঙ্গে বিনিময় করি যারা সিটির কার্যক্রমকে প্রভাবিতকারী সিদ্ধান্ত গ্রহণ করেন। নির্বাচিত কর্মকর্তা এবং সিটির ডিপার্টমেন্টের প্রধানগণ এর অন্তর্ভুক্ত। আমরা অলাভজনক সংস্থার নেতা এবং দানশীল লোকজনের সঙ্গে কথবর্তা বলি। এছাড়া, আমরা ব্লক-ক্লাব এবং মহল্লার সংগঠনগুলোকে সাহায্য করি। আপনি কেমন বোধ করেন তা জানা থাকলে এদের সকলেই আরো ভালভাবে কাজ করতে পারে।

আমরা আপনার সময়ের মূল্য দেই

প্রায় সকল ক্ষেত্রেই কোন জরিপ সম্পূর্ণ করার জন্য আমরা অর্থ প্রদান করি। প্রতিটি জরিপ সম্পূর্ণ করতে আনুমানিক 15 মিনিট লাগে। বেশির ভাগ জরিপের জন্য \$20 নগদ পরিশোধের ব্যবস্থা থাকে। মাঝে মধ্যে, একাধিক জরিপ সম্পূর্ণ করার জন্য আমরা বিশেষ পুরস্কারের ব্যবস্থা রাখতে পারি (যেমন কিছু মিশিগান 'সোয়াগ')।

আপনাদের ছাড়া সম্ভব নয়

সরকারি সিদ্ধান্ত গ্রহণে কিছু কিছু সময় শুধুমাত্র উচ্চস্বরের মতামত বিবেচনায় নেওয়া হয়। ডিএমএসিএস নেতৃত্বদেরকে ডেট্রয়েটবাসীদের সর্বাধিক প্রতিনিধিত্বমূলক মতামতের প্রতিশ্রুতি দেয়। কিন্তু প্রতিটি মহল্লা এবং সকল ধরণের অভিজ্ঞতার অন্তর্ভুক্তি নিশ্চিত করার জন্য, আপনাকে প্রয়োজন!



এটি কিভাবে কাজ করে



আমার জন্য কি এই জরিপ পূরণ করা আবশ্যিক?

আমাদের যে-কোন জরিপে অংশগ্রহণ সম্পূর্ণ ঐচ্ছিক। আপনি একটিতে অংশগ্রহণ করতে পারেন আবার পরবর্তীটি বাদ দিতে পারেন। আপনি ইচ্ছা করলে আমাদেরকে ছোট্ট চিঠি পাঠিয়ে সবগুলোই একসঙ্গে বর্জন করতে পারেন।



কোন প্রশ্নগুলো জিজ্ঞেস করা হবে সে-সিদ্ধান্ত কে গ্রহণ করে থাকে?

আমাদের পিএইচডি গবেষকগণ এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন। তবে, আমরা আমাদের স্প্রমর এবং কমিউনিটি সহযোগীদের সঙ্গে খুব ঘনিষ্ঠভাবে কাজ করে নিশ্চিত করি যে, আমরা সেই প্রশ্নগুলিই জিজ্ঞেস করছি যেগুলো নীতিমালা, কর্মসূচি এবং বিনিয়োগের সিদ্ধান্তে প্রভাব রাখে। আমাদের কমিউনিটি অ্যাডভাইজরি কমিটি আছে যারা মূল বিষয়গুলো বেছে নিতে সাহায্য করে, এবং আমরা সকল সময় সামাজিক নেতৃবৃন্দের সাহায্যে প্রশ্নগুলোকে গুরুত্ব অনুযায়ী নির্ধারণ করে নিই। কোন বিষয় সম্পর্কে আপনার কোন আইডিয়া বা প্রশ্ন আছে? আমাদেরকে এক লাইন লিখে জানান!



কে কে তথ্য পায়?

প্রথম কথা হল, আলাদাভাবে আপনার যে-কোন উত্তর কঠোর ভাবে গোপনীয় রাখা হয়। আপনি নির্দিষ্ট কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন মিশিগান ইউনিভার্সিটির শুধুমাত্র গবেষকদের ছোট একটি দল তা দেখতে পারবে। আমরা তথ্যগুলো বিশ্লেষণ করে উত্তরের সারাংশ দেই। সেই তথ্য আমাদের ওয়েবসাইটে পাওয়া যায় এবং তা আমরা আমাদের মিটিং এবং সামাজিক মাধ্যমে শেয়ার করি। গবেষকগণ আমাদের কাছে “পরিচিতিবিহীন” তথ্য চাইতে পারে (এর অর্থ হচ্ছে তারা সকল উত্তর পাবে তবে সেগুলোর সঙ্গে কোন নাম বা ঠিকানা থাকবে না বা এরকম কিছু থাকবে না যা দিয়ে আপনাকে চিহ্নিত করা যায়)।



আপনার কতবার আমার সঙ্গে যোগাযোগ করবেন?

আমরা বছরে কমপক্ষে ২টি করে জরিপ পরিচালনার আশা রাখি। কখন নতুন জরিপ আসছে তা জানানোর জন্য আমরা আপনাদের সঙ্গে ইমেইল, বার্তা, ডাক এবং ফোনে যোগাযোগ করব। আমরা বাড়ি বাড়ি গিয়ে প্রচারণাও করে থাকি, অতএব আপনি আপনার মহল্লায় আমাদের দলের স্বেচ্ছাসেবকদের দেখা পেতে পারেন।



আমি কিভাবে কোন একটি জরিপে অংশগ্রহণ করতে পারি?

আমাদের সকল জরিপ অনলাইনে করা হয়। মাত্র কয়েকটি ক্লিক করে এগুলোই জরিপ শুরু হয়ে যাবে এবং চলতে থাকবে। আপনি যে কোন কম্পিউটার, ট্যাবলেট বা ফোন ব্যবহার করে জরিপে অংশগ্রহণ করতে পারবেন। আপনার এগুলোর কোনটিই না থাকলে, আমরা আপনার সঙ্গে ফোনে ইন্টারভিউ-এর ব্যবস্থা করে নিতে পারি।

চুক্তির ছাপানো অংশ

গবেষণামূলক সমীক্ষায় অংশগ্রহণের সম্মতি

প্রকল্পের নাম:

ডেট্রয়েট মেট্রো এরিয়া কমিউনিটি স্টাডি

প্রধান অনুসন্ধানকারী/বন্দ:

এলিজাবেথ গারবার এবং জেফরি মোরনফ, ইউনিভার্সিটি অব মিশিগানের প্রফেসর।

গবেষণামূলক সমীক্ষায় অংশগ্রহণের আমন্ত্রণ

আপনাকে 'ডেট্রয়েট মেট্রোপলিটান এরিয়া কমিউনিটি স্টাডি' নামক গবেষণামূলক প্রকল্পে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে। এই প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে এই এলাকার পূর্ণবয়স্ক বাসিন্দাদের মাঝে বিভিন্ন সময়ে জরিপ পরিচালনা করে কমিউনিটির বিনিয়োগ এবং সরকারি নীতিমালার বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে এলাকাকে সাহায্য করা। অংশগ্রহণকারীদের জনমিতামূলক প্রতিনিধিত্বশীল প্যানেল তৈরি করার জন্য, এলাকার প্রতিনিধি হিসাবে বৈজ্ঞানিক পন্থায় আপনার পরিবারকে নির্বাচিত করা হয়েছে।

আপনার সংশ্লিষ্টতার বিবরণ

আপনার অংশগ্রহণ **ঐচ্ছিক**। অংশগ্রহণ করবেন কি করবেন না সেই সিদ্ধান্ত গ্রহণ করার আগে আপনি অবশ্যই এই ফর্মের তথ্যগুলো পড়ে নেবেন এবং কোন কিছু না বুঝে থাকলে প্রশ্ন করবেন। আপনি আপনার পরিবার এবং বন্ধুদের সঙ্গে এই সমীক্ষা সম্পর্কে আলোচনা করে নিতে পারেন।

আপনি এই সমীক্ষায় অংশগ্রহণে সম্মত হলে, আমরা আপনাকে অনুরোধ করব:

- জরিপের উত্তরদাতাদের একটি প্যানেলে যোগদান করুন এবং আপনাকে বিভিন্ন সময়ে **অনলাইন জরিপ-এ** অংশগ্রহণ করার আমন্ত্রণ জানান হবে। প্রতিটি অনলাইন জরিপে অংশগ্রহণ আপনার অংশগ্রহণের সম্মতি হিসাবে বিবেচনা করা হবে। আমরা অনুমান করি যে প্রতিটি জরিপ সম্পূর্ণ করতে **পনেরো থেকে বিশ মিনিট** সময় লাগতে পারে।
- আপনার যদি ইন্টারনেটের সুবিধা না থাকে বা জরিপের অনলাইন সংস্করণ গ্রহণ করতে অসমর্থ হন, তাহলে আপনি অনুরোধ করলে টেলিফোন ইন্টারভিউয়ারের মাধ্যমে জরিপে অংশগ্রহণ করতে পারেন। এক্ষেত্রেও আমরা অনুমান করি যে এই জরিপ পূরণ করতে পনেরো থেকে বিশ মিনিট সময় লাগবে, এই জরিপ সম্পূর্ণ করা হলে ধরে নেওয়া হবে যে আপনি এই জরিপে অংশগ্রহণে সম্মত।
- আমরা আপনার নাম জানতে চাইব এবং যোগাযোগের তথ্য যাচাই করে নেব যাতে এই সমীক্ষার ধারায় অংশগ্রহণের জন্য আপনার কাছে চেক পাঠাতে পারি এবং ভবিষ্যতের বিভিন্ন সমীক্ষায় অংশগ্রহণের জন্য যাতে আমরা আপনাকে আমন্ত্রণ জানাতে পারি।

অংশগ্রহণের উপকারিতা

যদিও আপনি অংশগ্রহণের মাধ্যমে সরাসরি কোন উপকারিতা লাভ নাও করতে পারেন, তবু আপনি এবং অন্যরা এই সমীক্ষা থেকে প্রাপ্ত জ্ঞান দ্বারা পরিশেষে লাভবান হতে পারেন, কারণ এই সমীক্ষার ফলাফল আপনাকে কমিউনিটির চাহিদার অগ্রাধিকার নির্ধারণে সাহায্য করতে পারে, এবং বাসিন্দারা যে-সকল পরিবর্তন বেশি করে দেখতে ইচ্ছুক তার একটি সুস্পষ্ট চিত্র তুলে ধরে। এর ফলে আপনার উপর প্রভাব ফেলতে পারে এমন সরকারি সিদ্ধান্ত জেনে নিতে সাহায্য পাবেন।

অংশগ্রহণের ঝুঁকি এবং অস্বস্তি

এই গবেষণায় অংশগ্রহণের কারণে আপনার ঝুঁকি বা অস্বস্তি হবে ন্যূনতম বা একেবারেই কিছু নয়।

অংশগ্রহণের জন্য সম্মতি

জরিপ সম্পূর্ণ করার জন্য আপনি **\$0-\$20** পাবেন। প্রতিটি ভিন্ন ভিন্ন জরিপ সম্পূর্ণ করার জন্য প্রণোদনার পরিমাণ জরিপের দৈর্ঘ্য এবং জরিপের স্পন্সরদের কাছ থেকে পাওয়া অর্থের উপর নির্ভরশীল। কোন জরিপে অংশগ্রহণ করার বা না করার সিদ্ধান্ত গ্রহণের আগেই জরিপটি পূরণ করার জন্য প্রণোদনার পরিমাণ আপনাকে জানানো হবে।

গোপনীয়তা

আমরা এই সমীক্ষার ফলাফল প্রকাশ করার পরিকল্পনা নিয়েছি। আপনার পরিচিতি চিহ্নিত করার মত কোন তথ্য আমরা অন্তর্ভুক্ত করব না। আপনার গোপনীয়তা সুরক্ষিত থাকবে এবং আপনার গবেষণার রেকর্ড **গোপনীয়** রাখা হবে।

আপনার তথ্য উপাত্ত গবেষণার পূর্ব-নির্ধারিত একটি আইডি নম্বর দিয়ে চিহ্নিত করা হবে। আপনার পরিচিতি-সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত সার্ভে রিসার্চ সেন্টারে পাসওয়ার্ড দ্বারা সুরক্ষিত আলাদা ফাইলে সংরক্ষণ করা হবে, এবং তা শুধুমাত্র অনুমোদিত গবেষণা কর্মীর পক্ষে অভিজ্ঞ হবে। ব্যক্তিগতভাবে কাউকে চিহ্নিত করার তথ্য কোন সেকেন্ডারি ব্যবহারকারীর কাছে অবমুক্ত করা হবে না।

গবেষণার ফলাফল যখন প্রকাশ করা হবে বা কনফারেন্সে আলোচিত হবে, তখন তাতে এমন কোন তথ্য থাকবে না যা আপনার পরিচয় প্রকাশ করে দেয়। এই সমীক্ষার জন্য সংগ্রহ করা আপনার পরিচিতির যে কোন তথ্য গোপনীয় থেকে যাবে। এই প্রকল্পের সকল দিক ইউনিভার্সিটি অব মিশিগান'স ইনস্টিটিউশনাল রিভিউ বোর্ড কর্তৃক পর্যালোচনা এবং নিয়ন্ত্রণ করা হবে। ইনস্টিটিউশনাল রিভিউ বোর্ড গবেষণায় অংশগ্রহণকারীদের অধিকার এবং কল্যাণের সুরক্ষার জন্য গবেষণা সমীক্ষার পর্যালোচনা এবং নিয়ন্ত্রণ করে।

সংরক্ষণ এবং তথ্যের ভবিষ্যৎ ব্যবহার

আমরা ভবিষ্যৎ গবেষণায় ব্যবহারের জন্য আপনার তথ্য সংরক্ষণ করব। আপনার নাম এবং আপনাকে চিহ্নিত করার অন্য যে কোন তথ্য সুরক্ষিত রাখা হবে এবং ইউনিভার্সিটি অব মিশিগানের ইনস্টিটিউট ফর সোশ্যাল রিসার্চে আলাদাভাবে সংরক্ষণ করা হবে। শুধুমাত্র প্রধান অনুসন্ধানকারী এবং ইনস্টিটিউট ফর সোশ্যাল রিসার্চের এই প্রকল্পের কর্মচারীরা সেগুলো দেখতে পারবেন। গবেষণার তথ্য অন্যান্য অনুসন্ধানকারীদের কাছে প্রকাশ করা হতে পারে তবে কখনই আপনার পরিচয়ের কোন তথ্য সেখানে থাকবে না।

অংশগ্রহণ এবং প্রত্যাহার

এই গবেষণায় অংশগ্রহণ সম্পূর্ণ **ঐচ্ছিক**। আপনি কোন প্রকার জরিমানা, বা অন্য কোন ভাবে প্রাপ্য সুবিধা থেকে বঞ্চিত না হয়েই, প্রকল্প চলাকালে যে-কোন সময় আপনার অংশগ্রহণ প্রত্যাহার করে নিতে পারেন। কোন প্রশ্নের উত্তর দিতে না চাইলে, সেটির উত্তর দিতে আপনি বাধ্য নন। আপনি যদি এই সমীক্ষা শেষ হওয়ার আগে অংশগ্রহণ প্রত্যাহারের সিদ্ধান্ত নেন, তাহলে আপনার সিদ্ধান্ত আমাদেরকে নিশ্চিত জানিয়ে দেবেন।

গবেষণায় অংশগ্রহণকারীদের অধিকারসমূহ

আপনি কোন প্রকার জরিমানা ছাড়া যে কোন সময় আপনার সম্মতি প্রত্যাহার করে আপনার অংশগ্রহণ বাতিল করতে পারেন। এই গবেষণায় অংশগ্রহণের কারণে আপনি কোন আইনী দাবী, অধিকার বা প্রতিকার পরিত্যাগ করছেন না। এই গবেষণা সমীক্ষার বিষয়ে কোন প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আমাদের DMACS-info@umich.edu-তে ইমেইল করবেন বা 734-764-4145 নম্বরে ফোন করবেন। কোন কর্মচারী অথবা ভয়েস মেইল আপনার ফোনে সাড়া প্রদান করবে এবং 24 ঘন্টার মধ্যে ফিরতি কল পাবেন। সমীক্ষায় অংশগ্রহণকারী হিসাবে আপনার অধিকার সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকলে, বা তথ্য পেতে চাইলে, জিজ্ঞাসা প্রশ্ন বা এই সমীক্ষার বিষয়ে কোন উদ্বেগ থাকলে, অনুগ্রহ করে ইউনিভার্সিটি অব মিশিগান হেলথ সায়েন্স অ্যান্ড বিহেভিয়ারাল সায়েন্সেস ইনস্টিটিউশনালে রিভিউ বোর্ড, 2800 Plymouth Rd. Building 520, Room 1169. Ann Arbor, MI 48109-2800, (734) 936-0933 তে যোগাযোগ করবেন (অথবা টোল ফ্রি নম্বর, 1-866-936-0933), irbhsbs.umich.edu.

Detroit

কোন প্রশ্ন? আরো জানতে ইচ্ছুক?

জরিপের ফলাফল অনলাইনে জেনে নিন

 detroitssurvey.umich.edu

আমাদের সঙ্গে যোগাযোগ

ডেট্রয়েট মেট্রো এরিয়া কমিউনিটিজ স্টাডি
জেরাল্ড আর. ফোর্ড স্কুল অব পাবলিক পলিসি
ইউনিভার্সিটি অব মিশিগান
735 S. State Street
Ann Arbor, MI 48109

ইমেইল DMACS-info@umich.edu
ফোন 734-764-4145



**DETROIT METRO AREA
COMMUNITIES STUDY**
UNIVERSITY OF MICHIGAN